দৈনিক ইত্তেফাক

তারিখ ..0[illegible] SEP 1988
পৃষ্ঠা ... কলাম ...

# যে সরকারী কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ ১৫ জন শিক্ষক নাই

গোপালগঞ্জ সংবাদদাতা জানান, গোপালগঞ্জ বঙ্গবন্ধু সরকারী কলেজে দীর্ঘদিন যাবৎ অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ ৩ জন, সহকারী অধ্যাপক, ১০ জন প্রভাষক ও ৩ জন প্রদর্শক নাই। ইহাছাড়া লাইব্রেরীয়ান, ষ্টোর কিপারসহ অন্যান্য কর্মচারীর কয়েকটি পদ শূন্য রহিয়াছে। ৫ জন সুইপারের স্থলে মাত্র একজন সুইপার আছে। শিক্ষকদের আবাসিক সমস্যা প্রকট, ছাত্রাবাস সমস্যার দরুন বহু ছাত্র অসুবিধার সম্মুখীন হইতেছে।

## রাজৈর কলেজ

মাদারীপুর সংবাদদাতা জানান, রাজৈর উপজেলার একমাত্র কলেজটিতে স্থান সংকুলান সমস্যা প্রকট। ১৯৭০ সালে স্থাপিত রাজৈর কলেজে প্রায় ৫ শত ছাত্র-ছাত্রী লেখাপড়া করিয়া আসিতেছে। আর্থিক দুরবস্থার কারণে নূতন ভবন নির্মাণের কাজ অসমাপ্ত রহিয়াছে। কলেজটিতে কোন ভাল মিলনায়তন নাই। ছোট একটি কক্ষে গাদাগাদি করিয়া ছাত্রীদের অবস্থান করিতে হয়। ছাত্রাবাসের সুব্যবস্থা নাই। বিজ্ঞান গবেষণাগারে আরও যন্ত্রপাতি প্রয়োজন।